# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯০

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৮. যে ব্যক্তি ভুল হবার আশঙ্কায় ফতওয়া দেয়াকে ভয় পায়

بَابُ مَنْ هَابَ الْفُتْيَا مَخَافَةَ السَّقَطِ

আরবী

أَخْبَرَنَا بِشْرُ بْنُ الْحَكَمِ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ ابْنِ أَبِي نَجِيحٍ، عَنْ مُجَاهِدٍ، قَالَ: صَحِبْتُ ابْنَ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُ، إِلَى الْمَدِينَةِ فَلَمْ أَسْمَعْهُ يُحَدِّثُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِحَدِيثٍ إِلَّا أَنَّهُ قَالَ: كُنْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأُتِيَ بِجُمَّارٍ، فَقَالَ: «إِنَّ مِنَ الشَّجَرِ شَجَرًا مِثْلَ الرَّجُلِ الْمُسْلِمِ» فَأَرَدْتُ أَنْ أَقُولَ: هِيَ النَّخْلَةُ، فَنَظَرْتُ فَإِذَا أَنَا أَصْغَرُ الْقَوْمِ، فَسَكَتُّ. [ص: 331] قَالَ عُمَرُ رَضِيَ اللَّهُ عَنْهُ وَدِدْتُ أَنَّكَ قُلْتَ، وَعَلَيَّ كَذَا

إسناده صحيح وابن أبي نجيح هو: عبد الله. والحديث متفق عليه

বাংলা

২৯০. মুজাহিদ হতে বর্ণিত, তিনি বলেন, আমি মদীনার পথে ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু’র সঙ্গী হয়েছিলাম। (পুরো রাস্তায়) আমি তাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে কোন হাদীস বর্ণনা করতে শুনিনি। কেবল এই একটি মাত্র হাদীস বর্ণনা করেছেন। তিনি বলেন: আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে ছিলাম, তখন তাঁর নিকট খেজুর গাছের মজ্জা আনা হলে তিনি বললেন: “এমন একটি গাছ রয়েছে, যা মুসলিম ব্যক্তির সাথে তুলনীয়।” তখন আমি এ কথা বলতে চেয়েছিলাম যে, তা হলো খেজুর গাছ। কিন্তু আমি লক্ষ্য করলাম যে, আমি ছিলাম লোকদের মাঝে সবচেয়ে অল্প বয়স্ক। ফলে আমি চুপ করে গেলাম। উমার রাদ্বিয়াল্লাহু আনহু বললেন: তুমি যদি তা বলতে, তবে আমার নিকট অমুক জিনিস থাকার চেয়ে তা অধিক পছন্দনীয় হতো।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: হাদীসটি সহীহ। বুখারী ও মুসলিমের হাদীস।

তাখরীজ: সহীহ বুখারী, ৭২; সহীহ মুসলিম, ২৮১১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69601

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন